রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৪ সনের ২০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৫, ২০১৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৫৭—২৬৫ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৫৭৭—৬০৩ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৬৯—৯৯৮ | (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৩**

**আদেশ**

তারিখ, ১৬ জানুয়ারি ২০১৪

**নং ২৯-বিচার-৩/১ডি-১৫/২০১০**—যেহেতু, বগুড়ার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-১ এর সাবেক বিচারক (জেলা জজ) বর্তমান হবিগঞ্জের জেলা ও দায়রা জজ, জনাব কে, এম, জুলফিকার আলীর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১৫/২০১০ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব কে, এম, জুলফিকার আলীর কারণ দর্শানোর প্রেক্ষিতে লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়নি।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বগুড়ার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-১ এর সাবেক বিচারক (জেলা জজ) বর্তমানে হবিগঞ্জের জেলা ও দায়রা জজ, জনাব কে, এম, জুলফিকার আলী-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ১৫/২০১০ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

## বিচার শাখা-৬

## আদেশাবলী

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৪

**নং আর-৬/৭এন-১১৮/২০১৩-৮৮৬**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব রনজিৎ কুমার বাড়ৈ, পিতা শ্রী কালীপদ বাড়ৈকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্যসম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫ (২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-১২৭/২০১৩-৮৮৯**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ, (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোহাম্মদ শামীম আল মামুন, পিতা মরহুম জনাব মোহাম্মদ রফিকুল হক ভূঞা-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশে ৫ (২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১৬ জানুয়ারি ২০১৪

**নং আর-৬/৭এন-১৪০/২০১৩-৮৯৮**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ, (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ ফরহাদ খান, পিতা মরহুম জনাব মোঃ হাবিবর রহমান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫ (২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপসচিব (প্রশাসন)।

## বিচার শাখা-৭

## আদেশাবলী

তারিখ, ১২ জানুয়ারি ২০১৪

**নং বিচার-৭/২এন-৮৫/২০১৩-৬৫**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব রঞ্জন কুমার ব্যানার্জী, পিতা মৃত অশ্বিনী কুমার ব্যানার্জী, মাতা মাধুরী ব্যানার্জী, গ্রাম ননিয়াটিকর, ডাকঘর কাউগাঁ, উপজেলা চিরিরবন্দর, জেলা দিনাজপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলার নসরতপুর, সাতনালা, ফতেজংপুর, ভিয়াইল, পুনত্রি ও আলোকদিহি ইউনিয়ন এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৪

**নং বিচার-৭/২এন-১০০/২০১৩-৬৭**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মৃণাল দেবনাথ, পিতা ফণীন্দ্র দেবনাথ, মাতা স্বর্গীয় বিজলী প্রভাদেবী, গ্রাম চরহোসেনপুর, ডাকঘর ও উপজেলা ঈশ্বরগঞ্জ, জেলা ময়মনসিংহ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঈশ্বরগঞ্জ উপজেলার ১নং ঈশ্বরগঞ্জ, ২নং সোহাগী, ৩নং সরিষা, ৪নং আঠারবাড়ী ও ৫নং ঝাটিয়া ইউনিয়ন এবং ঈশ্বরগঞ্জ পৌরসভার ১, ৪, ৫, ৭ ও ৮নং ওয়ার্ডের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৯৪/২০১৩-৭৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সুখেন কুমার দাস, পিতা মদন কুমার দাস, মাতা শেফালী দাস, গ্রাম বোসপাড়া, ডাকঘর মেহেরপুর, উপজেলা মেহেরপুর, জেলা মেহেরপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মেহেরপুর জেলার সদর পৌরসভা ব্যতীত সমগ্র সদর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৩৭/২০১৩(অংশ)-৭৭**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক মোঃ মাহবুবুর রহমান, পিতা মৃত মোঃ আবুল হোসেন, মাতা মমতাজ বেগম, ১১৩নং চাপাতলী, ডাকঘর মদনপুর, উপজেলা বন্দর, জেলা নারায়ণগঞ্জ-কে কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২৭ নং ওয়ার্ডের অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক আহ্বানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

**নং বিচার-৭/২এন-৩৭/২০১৩(অংশ)-৭৮**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক মোঃ মাছুম চৌধুরী, পিতা মৃত আব্দুল আজিজ চৌধুরী, মাতা আয়শা বেগম, গ্রাম গোলাকান্দাইল, ডাকঘর ভুলতা, উপজেলা রূপগঞ্জ, জেলা নারায়ণগঞ্জ-কে কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার গোলাকান্দাইল ইউনিয়নে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক আহ্বানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

তারিখ, ১৫ জানুয়ারি ২০১৪

**নং বিচার-৭/২এন-২৮/২০০২-৮০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ এহতেশামুল হক আব্বাসী, পিতা মৃত আব্দুল হক আব্বাসী, গ্রাম ০১ জুড়ান মোল্লার পাড়া, ওয়ার্ড নং-০৪, গোয়ালন্দ পৌরসভা, ডাকঘর ও উপজেলা গোয়ালন্দ, জেলা রাজবাড়ী) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার গোয়ালন্দ পৌরসভার জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৬ জানুয়ারি ২০১৪

**নং বিচার-৭/২এন-৮৫/২০১৩-৮৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব লক্ষন চন্দ্র চক্রবর্তী, পিতা দেবীচরণ চক্রবর্তী, মাতা কিরণ চক্রবর্তী, গ্রাম সুজালপুর, মহল্লা নতুন পাড়া, ডাকঘর বীরগঞ্জ, উপজেলা বীরগঞ্জ, জেলা দিনাজপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৯ জানুয়ারি ২০১৪

**নং বিচার-৭/২এন-৮৯/২০১৩-৮৫**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব রনজিত কুমার দাশ, পিতা সুকুমার দাশ, মাতা সেফালী দাশ, বৌদ্ধ মন্দির সড়ক, কক্সবাজার পৌরসভার, জেলা কক্সবাজার) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার সদর উপজেলার এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৮৯/২০১৩-৮৬**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (কনিকা রানী দাশ, পিতা মৃত সুধাংশু বিমল দাশ, মাতা কাঞ্চন বালা দাশ, ২নং ওয়ার্ড, চকরিয়া পৌরসভা, উপজেলা চকরিয়া, জেলা কক্সবাজার) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৮৯/২০১৩-৮৭**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব রতন কান্তি সুশীল, পিতা দুলাল কান্তি সুশীল, মাতা রিনা রানী সুশীল, গ্রাম বড় মহেশখালী, উপজেলা মহেশখালী, জেলা কক্সবাজার) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৮৯/২০১৩-৮৮**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব প্রদীপ কুমার সুশীল, পিতা হারাধন কুমার শীল, মাতা মন্তী রানী সুশীল, মিয়াপাড়া, উপজেলা পেকুয়া, জেলা কক্সবাজার) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার পেকুয়া উপজেলার এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৮৯/২০১৩-৮৯**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সুজীত কুমার শর্মা, পিতা মৃত শশাংক মোহন শর্মা, মাতা চঞ্চলা রানী শর্মা, গ্রাম পশ্চিম মেরংলোয়া, ডাকঘর রামু, উপজেলা রামু, জেলা কক্সবাজার) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার রামু উপজেলার এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৮৯/২০১৩-৯০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সমীর কান্তি দাশ, পিতা-মৃত-মনিন্দ্র লাল দাশ, মাতা-মৃত-ভেলুয়া বালা দাশ, গ্রাম-বড়ঘোপ, ডাকঘর-কুতুবদিয়া, উপজেলা-কুতুবদিয়া, জেলা-কক্সবাজার) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলার এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৮৯/২০১৩-৯১**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব পিকলু দত্ত, পিতা-মৃত-সাধন কান্তি দত্ত, পিচি ৩৪ কে কে পাড়া, মসজিদ রোড, কায়ুকখালী পাড়া, উপজেলা-টেকনাফ, জেলা-কক্সবাজার) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার টেকনাফ উপজেলার এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৮৯/২০১৩-৯২**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সুমন কান্তি শর্মা, পিতা-মৃত-বিধু রঞ্জন সুশীল শর্মা, মাতা-বকুল রাণী সুশীল শর্মা, গ্রাম-রুমখাঁ মহাজন পাড়া, হলদিয়া পালং, মরিচা, উপজেলা-উখিয়া, জেলা-কক্সবাজার) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার উখিয়া উপজেলার এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

### অফিস আদেশ

তারিখ, ১৯ জানুয়ারি ২০১৪

**নং ৩৯.০০৬.০১২.০০.০০.০৮৩.২০১১-২৪**—পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের জ্যেষ্ঠ সদস্য তার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান এর দায়িত্ব পালন করবেন।

২। নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।

**বিজয় কৃষ্ণ দেবনাথ**
উপ-সচিব।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
## ক্রীড়া-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২০ জানুয়ারি ২০১৪

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.২০৪.২০১৩-৫২**—The Bangladesh Sports Council (Amendment) Ordinance, 1976 এর ৬.৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী জনাব বীরেন শিকদার, এমপি-কে জাতীয় ক্রীড়া পরিষদ এর নির্বাহী কমিটির চেয়ারম্যান পদে নিয়োগ প্রদান করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.২০৪.২০১৩-৫৪**—The Bangladesh Sports Council (Amendment) Ordinance, 1976 ৯(১)(বি) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপ-মন্ত্রী জনাব আরিফ খান জয়, এমপি-কে জাতীয় ক্রীড়া পরিষদ এর নির্বাহী কমিটির ভাইস-চেয়ারম্যান পদে নিয়োগ প্রদান করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবুল কালাম আজাদ**
সহকারী সচিব।

---

## শিক্ষা মন্ত্রণালয়
## অধিশাখা-৭ (কলেজ-২)

### আদেশ

তারিখ, ১১ অগ্রহায়ণ ১৪২০ /২৫ নভেম্বর ২০১৩

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৯.১২-৫৯৭**—যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রভাষক (পদার্থবিজ্ঞান), রাণীভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর এর বিরুদ্ধে তার স্ত্রী কর্তৃক নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, মামলা নং-জি,আর ৬৭৭/১২(সদর), মামলা নং-৯/১৩(নন্দী) ও মামলা নং-৭৮পি/১৩ (সদর) পর পর ০৩টি মামলা দায়ের করা হয়। তিনি সকল মামলায় মহামান্য হাইকোর্ট হতে জামিনে মুক্ত আছেন;

যেহেতু, তৎপরিপ্রেক্ষিতে জনাব মোঃ রফিকুল ইসলামকে বিএসআর (পার্ট-১) এর বিধি ৭৩ এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII) S-১২৩/৭৮/১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও জনস্বার্থে প্রয়োজন;

সেহেতু , জনাব মোঃ রফিকুল ইসলামকে বিএসআর (পার্ট-১) এর বিধি ৭৩ এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII) S-১২৩/৭৮/১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

২। তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে প্রচলিত নিয়মে খোরপোষ ভাতা পাবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সচিব।

**শাখা-২০ (উন্নয়ন-১)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ পৌষ ১৪২০/২ জানুয়ারি ২০১৪

**নং শিম/শাঃ২০/১২-৫/২০১০/০৬**—শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন æSkills and Training Enhancement Project (STEP)" এর কার্যক্রম পরিচালনার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের ২৯-১১-২০১০ তারিখের সংখ্যা-শিম/শাঃ ২০/১২-৫/২০১০/৪০১ প্রজ্ঞাপনের মাধ্যমে গঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর

**সদস্যবৃন্দ**

(২) পরিচালক (পঃ ও উঃ), কারিগরী শিক্ষা অধিদপ্তর

(৩) প্রতিনিধি, বিএমইটি

(৪) প্রতিনিধি, বিটিইবি

(৫) উপ-প্রধান, পরিকল্পনা, শিক্ষা মন্ত্রণালয়

(৬) উপ-প্রধান, SEI, পরিকল্পনা কমিশন

(৭) উপ-প্রধান, জিইডি, পরিকল্পনা কমিশন

(৮) উপ-প্রধান, প্রোগ্রামিং ডিভিশন, পরিকল্পনা কমিশন

(৯) উপ-সচিব (বিশ্বব্যাংক-৪), ইআরডি

(১০) উপ-সচিব (উ-১), শিক্ষা মন্ত্রণালয়

(১১) প্রতিনিধি, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়

(১২) প্রতিনিধি, বিজিএমইএ

(১৩) প্রতিনিধি, বিকেএমইএ

(১৪) প্রতিনিধি, EC ILO Funded TVET Reform Project

(১৫) প্রতিনিধি, এডিবি, স্কিল ডেভেলপমেন্ট প্রজেক্ট

(১৬) প্রতিনিধি, এসএমই ফোরাম

**সদস্য-সচিব**

(১৭) প্রকল্প পরিচালক, STEP

**কর্মপরিধি ঃ**

* বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা অনুমোদন এবং প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং পিএসসিতে অনুমোদনের জন্য সুপারিশ প্রদান;
* প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম তদারকি করা এবং বাস্তবায়নে সহায়তা প্রদান করা;
* বাস্তবায়নকারী সংস্থাগুলির সাথে শক্তিশালী সমন্বয় সাধন করা; এবং
* প্রয়োজনে সংশ্লিষ্ট যে কোন ব্যক্তি/কর্মকর্তাকে উপরিউক্ত কমিটিতে অন্তর্ভুক্ত (Co-opt) করা যাবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শামসুল আলম**
সহকারী সচিব।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**বিদ্যালয়-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ পৌষ ১৪২০/৩০ ডিসেম্বর ২০১৩

**নং ৩৮.০০৮.০৩২.০০.০০.০০৫.২০১১-৬৯১**—The Government Educational and Training Institutions Ordinance, 1961 (Ord. No. XXVI of 1961) এর section 4 এর Sub-section(1) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (NAPE), ময়মনসিংহ এর বোর্ড অব গভর্ণরস এ ১৪নং ক্রমিকে বেসরকারি সদস্য পদে অধ্যাপক কাজী আফরোজ জাহান আরা, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-কে মনোনীত করা হল।

২। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারী করা হল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাজরীন নাহার**
সিনিয়র সহকারী সচিব (বিদ্যা-২)।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ জানুয়ারি ২০১৪/২৬ পৌষ ১৪২০

**নং সবিম/শা:৭/ক্ষুদ্র নৃ-সা:প্র:-০৪/২০১০/১৩**—ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০ এর ৭ নং ধারামতে ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী নেত্রকোণা এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে নির্বাহী পরিষদ গঠন করা হলো :

**সভাপতি**

(১) জেলা প্রশাসক, নেত্রকোণা।

**সদস্যবৃন্দ**

(৩) উপসচিব (সমন্বয় শাখা-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৩) উপসচিব সংশ্লিষ্ট অধিশাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৪) উপজেলা নির্বাহী কর্মকর্তা, দুর্গাপুর, নেত্রকোণা।

(৫) সেক্রেটারী জেনারেল, ট্রাইবাল ওয়েল ফেয়ার, এসোসিয়েশন, কেন্দ্রীয় কমিটি, ভাটি কেশর, ময়মনসিংহ।

(৬) জনাব জর্নেশ চিরান, গ্রাম: চরবাঙ্গালিয়া, ডাকঘর: হালুয়াঘাট, উপজেলা: হালুয়াঘাট, জেলা: ময়মনসিংহ।

(৭) জনাব লুদিয়া রুমা সাংমা, সেক্রেটারী, বিরিশিরি ওয়াইডব্লিউ,সি,এ।

(৮) জনাব রেমন্ড আরেং, উপাধ্যক্ষ, সুসং ডিগ্রী কলেজ, দুর্গাপুর।

(৯) জনাব খগেন্দ্র হাজং, হাসা নোয়াগাঁও, চৈতা, কলমাকান্দা, নেত্রকোণা।

**সদস্য-সচিব**

(১০) পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোণা।

২। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০ এর ৭(২) উপধারা অনুযায়ী পরিষদের মনোনীত সদস্যগণ তাঁদের মনোনয়নের তারিখ থেকে ০৩ (তিন) বছরের জন্য সদস্য পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময়ে যে কোন মনোনীত সদস্যের সদস্যপদ বাতিল করতে পারবে কিংবা নির্বাহী পরিষদ পুনর্গঠন করতে পারবে এবং (৩) উপধারা অনুযায়ী মনোনীত কোন সদস্য যে কোন সময় সরকারকে উদ্দেশ্য করে তাঁর স্বাক্ষরযুক্ত পত্রযোগে একমাসের নোটিশ প্রদানপূর্বক স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ০৩-০৮-২০১৩ তারিখ হতে কার্যকর হবে।

**ফাহমিদা আখতার**
উপসচিব (অধিঃ৭)।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**প্রশাসন-১ শাখা**

**আদেশ**

তারিখ, ২৭ পৌষ ১৪২০/১০ জানুয়ারি ২০১৪

**নং স্বাপকম/প্রশাসন-১/পিএফ-১১/৯৭/৪৮**—যেহেতু, জনাব মোঃ জুলফিকুর রহমান, প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর অনুকূলে কানাডায় বসবাসরত ভগ্নিপতি ও বোনের ছেলে-মেয়ের সাথে দেখা সাক্ষাতের উদ্দেশ্যে ০১-০২-২০১১ তারিখ হতে অথবা ছুটি ভোগের তারিখ হতে ০৪ (চার) মাসের বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু, তিনি গত ০১-০৩-২০১১ তারিখ হতে উক্ত বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি ভোগ করেছেন এবং ৩০-০৬-২০১১ তারিখে ছুটির মেয়াদ শেষ হওয়ার পর পুনরায় চিকিৎসাজণিত কারণে ০১-০৭-২০১১ তারিখ হতে ০৩ (তিন) মাসের বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরের আবেদন করলেও তা না-মঞ্জুর হয় এবং তাঁকে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। তিনি কর্তৃপক্ষের এ নির্দেশনা অবহিত হওয়ার পরও কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, ০৪-০১-২০১২ তারিখে তাঁকে পুনরায় কর্মস্থলে অনুপস্থিতির জন্য কেন বিভাগীয় মামলা রুজু করা হবে না সে মর্মে কারণ দর্শানো হয় যার স্ক্যান কপি তাঁর ই-মেইল ঠিকানায় প্রেরণ করা হয়। কিন্তু তিনি কর্মস্থলে যোগদান না করে শিক্ষা ছুটির জন্য আবেদন করেন। তাঁর আবেদনপত্রে মন্ত্রণালয়ের সূত্র উল্লেখ থেকে স্পষ্ট দেখা যায়, তিনি কর্তৃপক্ষের সকল নির্দেশনা অবহিত থাকার পরও কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, তাঁকে কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা সত্ত্বেও তিনি ০১-০৭-২০১১ তারিখ হতে কোন প্রকার ছুটি ব্যতীত বা যুক্তিসঙ্গত কারণ ছাড়াই বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তাঁর উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (বিশেষ বিধান), অধ্যাদেশ ১৯৭৯ এর ৩(বি) মোতাবেক অপরাধ হিসেবে গণ্য;

যেহেতু, তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৩(বি) ধারার অপরাধে অভিযুক্ত করে প্রথম কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান), অধ্যাদেশ ১৯৭৯ এর ৫(২) ধারা অনুযায়ী উল্লিখিত অভিযোগে অভিযুক্ত করে দ্বিতীয় কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, সংশ্লিষ্ট প্রমাণাদি ও কাগজপত্র পর্যালোচনায় তাঁকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিত থাকার তারিখ অর্থাৎ ০১-০৭-২০১১ তারিখ হতে সরকারি কর্মচারী (বিশেষ বিধান), অধ্যাদেশ ১৯৭৯ এর ৪ এর (এ) ধারা মোতাবেক 'চাকুরি হতে বরখাস্ত' প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়; এবং

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন অভিযুক্ত কর্মকর্তাকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান), অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) বিধানমতে গুরুদণ্ড হিসেবে সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from service)" করার কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে কমিশন একমত পোষণ করেছে;

এক্ষণে সেহেতু, তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) বিধানমতে গুরুদণ্ড হিসেবে কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিত থাকার তারিখ অর্থাৎ ০১-০৭-২০১১ তারিখ হতে সরকারি চাকুরি হতে বরখাস্ত (Dismissal from service) করা হল।

**এম.এম. নিয়াজউদ্দিন**
সচিব।

---

**শৃংখলা-১ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১৩

**নং ৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.০৬৮.২০১৩-১০৪৮**—যেহেতু, ডাঃ মুঃ আহসানউল্লাহ রুমি (১০০২০৬৩), মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, বরগুনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মুঃ আহসানউল্লাহ রুমি (১০০২০৬৩), মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, বরগুনা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২৮৭.২০১২-১০৪৯**—যেহেতু, ডাঃ ইনামুর রহমান চৌধুরী (৩৮৫৪৫), সহকারী অধ্যাপক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৯-১২-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, প্রশিক্ষণ সংক্রান্ত আদেশটি তিনি পাননি এবং এর সপক্ষে তিনি পরিচালক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকার একটি পত্র প্রদর্শন করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ ইনামুর রহমান চৌধুরী (৩৮৫৪৫), সহকারী অধ্যাপক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

তারিখ ২ জানুয়ারি ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৬৭.২০১৩-০৩**—যেহেতু, ডাঃ আবুল কালাম মোহাম্মদ আসাদ (১১৩২৮৫), প্রেষণে প্রভাষক, ডেন্টাল ইউনিট, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৯-১২-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি ৩০-০৬-২০১২ তারিখ পর্যন্ত এমপিএইচ কোর্স করার জন্য প্রেষণে নিপসমে ছিলেন। অতঃপর ২য় পর্ব পরীক্ষা দেয়ার জন্য অতিরিক্ত সময় নিপসমে অধ্যয়নরত ছিলেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ আবুল কালাম মোহাম্মদ আসাদ (১১৩২৮৫), প্রেষণে প্রভাষক, ডেন্টাল ইউনিট, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

**এ. এম বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

**শৃংখলা-২ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ১৫ জানুয়ারি ২০১৪

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.১৪৩.২০১৩-২০**—যেহেতু ডাঃ মোঃ আবু সাঈদ সরকার (১২৩৩১৬), মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, নাটোর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটেশের জবাব প্রদান করেন এবং ০৭-০১-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি;

এক্ষণে, সেহেতু ডাঃ মোঃ আবু সাঈদ সরকার (১২৩৩১৬), মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, নাটোর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক তাঁকে তিরস্কার (Censure) করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০৪২.২০১৩-২১**—যেহেতু ডাঃ সৈয়দ খালিদুর রহমান (১২১৬২৮), মেডিকেল অফিসার, খানপুরা উপ-স্বাস্থ্য কেন্দ্র, মুকসুদপুর, গোপালগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও (ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০৬-০১-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু ডাঃ সৈয়দ খালিদুর রহমান (১২১৬২৮), মেডিকেল অফিসার, খানপুরা উপ-স্বাস্থ্য কেন্দ্র, মুকসুদপুর, গোপালগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## বিচার শাখা-৭

### আদেশাবলী

তারিখ, ১১ জুন ২০০৩

**নং ৮৪২/বিচার-৭/২ এন-১/২০০২**—সরকার ১৯৭৫ সনের মুসলিম বিবাহ ও তালাক (রেজিস্ট্রেশন) বিধিমালার ৫(১) বিধির প্রদত্ত ক্ষমতাবলে পিতার অব্যাহতি পত্র গ্রহণ করায় তদ্বীয় পুত্র জনাব মোঃ কবিরুল ইসলাম, পিতা-কাজী নজিরুল ইসলাম, গ্রাম ও পোঃ হেমায়েতপুর, উপজেলা-সাভার, জেলা-ঢাকা-কে তেতুলঝোড়া ইউনিয়নে অস্থায়ী ভিত্তিতে নিকাহ রেজিষ্ট্রার নিয়োগের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহ্বান পূর্বক স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। অত্র আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

তারিখ, ১৮ আগস্ট ২০০৩

**নং ১১৫২/বিচার-৭/২ এন-৪৬/২০০৩**—সরকার ১৯৭৪ সনের মুসলিম বিবাহ ও তালাক (রেজিষ্ট্রেশন) আইনের ৪ ধারা ও ১৯৭৫ সনের মুসলিম বিবাহ ও তালাক (রেজিষ্ট্রেশন) বিধিমালার ৫(১) বিধির প্রদত্ত ক্ষমতাবলে জনাব শেখ মোঃ আবদুল হাই, নিকাহ রেজিষ্ট্রার এর এলাকা হইতে সিংজুরী ইউনিয়নটি কর্তন পূর্বক নতুন অধিক্ষেত্র সৃষ্টি করতঃ জনস্বার্থে জনাব মোঃ ওয়াজেদ আলী, পিতা মোঃ আক্কাছ আলী, গ্রাম+পোঃ বৈকুণ্ঠপুর, উপজেলা ঘিওর, জেলা মানিকগঞ্জ-কে সিংজুরী ইউনিয়নে অস্থায়ী নিকাহ রেজিষ্ট্রার নিয়োগের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহ্বান পূর্বক স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ কার্যকর হইবে না।

**এ, এইচ,এম, শামসুল আরেফিন**
সিনিয়র সহকারী সচিব।